

## 📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًا فًات

আয়াতঃ ৩৭:১৭৯

আরবি মূল আয়াত:

## وَّ أَبِصِر فَسَوفَ يُبِصِرُونَ ﴿١٧٩﴾

## 

আর তাদেরকে পর্যবেক্ষণ কর, অচিরেই তারা দেখবে (এর পরিণাম)। — আল-বায়ান আর দেখতে থাক, শীঘ্রই তারা দেখতে পাবে (ঈমান ও কুফুরীর পরিণাম)। — তাইসিরুল তুমি তাদেরকে পর্যবেক্ষণ কর, শীঘ্রই তারা পরিণাম প্রত্যক্ষ করবে। — মুজিবুর রহমান And see, for they are going to see. — Sahih International

১৭৯. আর আপনি তাদেরকে পর্যবেক্ষণ করুন, শীঘ্রই তারা দেখতে পাবে।

তাফসীরে জাকারিয়া

## (১৭৯) তুমি (ওদেরকে) পর্যবেক্ষণ কর, শীঘ্রই ওরা (সত্যপ্রত্যাখ্যানের পরিণাম) প্রত্যক্ষ করবে।[1]

[1] এ বাক্যটি তা'কীদ স্বরূপ পুনরুক্ত হয়েছে অথবা প্রথম বাক্যের উদ্দেশ্য পার্থিব ঐ সকল শাস্তি যা মক্কাবাসীর উপর বদর, উহুদ ও অন্যান্য যুদ্ধে মুসলিমদের হাতে হত্যা ইত্যাদি রূপে এসেছিল। আর দ্বিতীয় বাক্যে পারলৌকিক ঐ শাস্তির প্রতি ইঙ্গিত করা হয়েছে, যা এ সকল কাফের ও মুশরিকরা পরকালে ভোগ করবে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=3967

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন